# বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
# কোটবাড়ি, কুমিল্লা

## শুদ্ধাচার কর্মকৌশল ২০২২-২০২৩ অনুযায়ী আয়োজিত অংশীজনের ৩য় সভার কার্যবিবরণী

তারিখ: ৩০ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ
সময়: দুপুর ০২:৩০ মিঃ
স্থান: কনফারেন্স হল-১, বার্ড

**সভাপতিঃ জনাব ড. আবদুল করিম, মহাপরিচালক (অঃদাঃ), বার্ড।**

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে বার্ডের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী ৩০/০১/২০২৩ তারিখ দুপুর ০২:৩০ ঘটিকায় একাডেমির কনফারেন্স হল-১ এ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে একটি সভা (Stakeholders Meeting) অনুষ্ঠিত হয়। মহাপরিচালক, বার্ড এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির সভাপতি ড. আবদুল করিম উক্ত সভায় সভাপতিত্ব করেন। একাডেমির ৯টি বিভাগের পরিচালকগণ, আমন্ত্রিত অংশীজন, বার্ডের নিরাপত্তা প্রহরীগণ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার ও উদ্ভাবনী কার্যক্রম এর সাথে সংশ্লিষ্ট অনুষদ সদস্যগণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ও বার্ডে চলমান দুটি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী প্রতিনিধিগণ উক্ত সভায় অংশগ্রহণ করেন।

**ক) সূচনা বক্তব্য:**

সভার শুরুতেই নৈতিকতা কমিটির পক্ষে বার্ডের প্রকল্প বিভাগের সম্মানিত পরিচালক, জনাব রঞ্জন কুমার গুহ সূচনা বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, বর্তমান সরকার প্রাতিষ্ঠানিক ভাবে শুদ্ধাচার চর্চার জন্য কর্মকৌশল নির্ধারণ করেছেন। তিনি বলেন, সরকারের প্রবর্তিত বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির অন্যতম অংশ হচ্ছে শুদ্ধাচার চর্চা। তিনি বলেন শুদ্ধাচার চর্চার অন্যতম অংশ হচ্ছে অংশীজনদের নিয়ে সভার আয়োজন করা। অংশীজন সভার মাধ্যমে বার্ড তাঁর সেবা সরবরাহ উন্নত করার বিষয়ে মতামত গ্রহণ করে এবং তাঁর ভিত্তিতে সেবা সরবরাহের মান উন্নয়নে সচেষ্ট হয় বলে তিনি মন্তব্য করেন। তিনি বলেন এই অংশীজন সভায় নিরাপত্তা প্রহরীগণকে অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হয়েছে কারণ তাঁরা অনেক গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন। এমতাবস্থায়, নিরাপত্তা প্রহরীগণ তাঁদের দায়িত্ব পালন সংক্রান্ত বিভিন্ন চ্যালেঞ্জের বিষয়ে সভায় মত প্রকাশ করতে পারেন বলে তিনি মন্তব্য করেন। নিরাপত্তা ব্যবস্থার কিছু কিছু ক্ষেত্রে উন্নয়নের সুযোগ রয়েছে বলে তিনি মন্তব্য করেন। সভায় উপস্থিত বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণ তাঁদের প্রশিক্ষণ সংক্রান্ত বিভিন্ন বিষয়ে মতামত প্রদান করতে পারেন বলে তিনি মন্তব্য করেন। তিনি বলেন প্রশিক্ষণ বার্ডের অন্যতম তিনটি কাজের একটি গুরুত্বপূর্ণ কাজ। এ ক্ষেত্রে প্রশিক্ষণার্থীগণ তাঁদের প্রশিক্ষণের মানোন্নয়নে মতামত প্রদান করতে পারেন বলে তিনি মন্তব্য করেন। পরিশেষে তিনি অংশীজন সভার সফলতা কামনা করে তাঁর বক্তব্য সমাপ্ত করেন।

**খ) বিষয়ভিত্তিক উপস্থাপনা:**

সূচনা বক্তব্যের পর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার, উদ্ভাবনী কার্যক্রম এবং শুদ্ধাচার ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট টিম লিডার/ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে হালনাগাদ তথ্যসহ উপস্থাপনা প্রদান করেন। উপস্থাপনা শেষে উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

**গ) উন্মুক্ত আলোচনা:**

সূচনা বক্তব্য এবং বিষয়ভিত্তিক উপস্থাপনার পর উপস্থিত অংশীজন, কর্মকর্তা-কর্মচারীগণ এবং সংশ্লিষ্টগণ উন্মুক্ত আলোচনায় মতামত প্রদান করেন। আলোচনায় উপস্থিত কর্মকর্তা-কর্মচারী এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার ও উদ্ভাবনী কার্যক্রম সম্পর্কে বিভিন্ন প্রশ্ন করেন এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সেসকল প্রশ্নের উত্তর দেন। উন্মুক্ত আলোচনার গুরুত্বপূর্ণ মতামত সমূহ নিম্নে উল্লেখ করা হলোঃ

- বার্ডের নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়নের জন্য ডিজিটাল ব্যবস্থা চালু করার বিষয়ে মন্তব্য করা হয়। বিশেষ করে নিরাপত্তা প্রহরীগণের জন্য আধুনিক নিরাপত্তা চৌকি নির্মাণ, নিরাপত্তা প্রহরীগণকে ওয়াকিটকি ও আধুনিক প্রশিক্ষণ দেয়ার উদ্যোগ নেয়া যেতে পারে।

- বার্ডের হোস্টেলে বা রেস্ট হাউজে অতিথি অধিক রাত্রিতে আসলে নিরাপত্তা তল্লাসি করতে অনেক সময় বাধা দেয়। এ ক্ষেত্রে আগত অতিথি আসার পূর্বেই যার রেফারেন্সে আসবে তাঁর মাধ্যমে নিরাপত্তা প্রহরীগণকে অবহিত করলে ভালো হয়।

- বুনিয়াদি/বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সেশন পরিচালনার সময় বক্তাগন কোন বিশেষ পেশা শ্রেণীর বিষয়ে নেতিবাচক মন্তব্য করা থেকে বিরত থাকার বিষয়ে মন্তব্য করা হয়। তাছাড়া, তাত্ত্বিক সেশনের পাশাপাশি চাকুরীর ক্ষেত্রে অত্যাবশ্যকীয় বিষয়ে প্রাক্টিকেল কিছু সেশন পরিচালনার উদ্যোগ নেয়ার বিষয়ে মন্তব্য করা হয়।
- বার্ডের মেডিক্যাল সেন্টারের সেবা সরবরাহ আধুনিকায়নের বিষয়ে মতামত প্রদান করা হয়। বিশেষ করে ১ টি এ্যাম্বুলেন্স ও অন্যান্য আধুনিক প্রয়োজনীয় সরঞ্জাম থাকলে প্রশিক্ষণার্থীগণ উপকৃত হবে বলে মন্তব্য করা হয়।
- ২ মাস ব্যাপী বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে ড্রাইভিং প্রশিক্ষণের ব্যবস্থা রাখার বিষয়ে মন্তব্য করা হয়।
- বার্ডের ইন্টারকম টেলিফোন ব্যবস্থা আধুনিকায়নের বিষয়ে মন্তব্য করা হয়। প্রায় সময় ইন্টারকম টেলিফোন কাজ করেনা বলে মন্তব্য করা হয়।

**(ঘ) সভাপতির বক্তব্য:**

অংশীজন সভার সভাপতি ও বার্ডের সম্মানিত মহাপরিচালক (অঃদাঃ) তাঁর বক্তব্যের শুরুতে সকলকে সক্রিয় অংশগ্রহণের জন্য আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, সুশাসন হচ্ছে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার একটি অন্যতম পন্থা। তিনি বলেন, কোন সেবা গৃহীতা কোন প্রতিষ্ঠান থেকে হাশি মুখে সেবা নিয়ে ফিরে গেলে বুঝা যাবে যে উক্ত প্রতিষ্ঠানে সেবা সরবরাহে সুশাসন অনুসরণ করা হচ্ছে। প্রতিষ্ঠান থেকে সেবা গ্রহণ সহজ প্রক্রিয়ায় হচ্ছে কিনা তা নিশ্চিত করা জরুরি বলে তিনি মন্তব্য করেন। তিনি বলেন অংশীজন সভার মাধ্যমে বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। এই মতামত সমূহ গুরুত্বের সাথে গ্রহণ করা হবে বলে তিনি মন্তব্য করেন। তিনি বলেন, বার্ডের প্রশিক্ষণার্থী ও ক্যাম্পাসে বসবাসকারী কর্মকর্তা ও কর্মচারীগণের নিরাপত্তা নিশ্চিত করার জন্য নিরাপত্তা প্রহরীগণ কাজ করে যাচ্ছেন। তাঁরা তাঁদের দায়িত্ব পালনে সদা সচেষ্ট থাকবেন বলে তিনি মন্তব্য করেন। এ বিষয়ে নিয়মিত মনিটরিং করা হবে বলে তিনি মত প্রকাশ করেন। অতঃপর তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭/২/২৬
(জোনায়েদ রহিম)
যুগ্ম-পরিচালক এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট

৭/২/২৬
(ড. আবদুল করিম)
মহাপরিচালক (অঃদাঃ), বার্ড এবং
সভাপতি, নৈতিকতা কমিটি

**বিতরণ**

১. পরিচালক (সকল), বার্ড;
২. নৈতিকতা কমিটির সকল সদস্য
৩. সংশ্লিষ্ট কর্মকর্তা, বার্ড;
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৫. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৬. অফিস কপি।